



🏠 মূল পাতা 📧 যোগাযোগ 📞 লগ-ইন করুন 👤 নিবন্ধিত হোন

ঢাকা, রোববার, ৯ মার্চ ২০০৮, ২৬ ফাল্গুন ১৪১৪, ৩০ সফর ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ১২৩, আপডেট: বাংলাদেশ রাত ৩টা ১৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

🗨️ ফিচার পাতা

- ▶ ঢাকায় থাকি

মহানগর

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

উল্লেখ্য দিবসে আলোচনা হয়েছে পুলিশের সংস্কার অধ্যাদেশ নিয়ে

নিজস্ব প্রতিবেদক

‘রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ থাকায় পুলিশের তদন্ত, অপরাধ কিংবা অপরাধী দমনের কাজ ব্যাহত হয়েছে। সরকার পরিচালনায় নিয়োজিত ব্যক্তির কোটি কোটি টাকা ঘুষ গ্রহণের বিনিময়ে খুনের মামলার আসামিকে বাঁচিয়ে দিয়েছে।’ পুলিশের সংস্কার অধ্যাদেশ ২০০৭ সম্পর্কে জনমত জরিপের নির্দেশনায় এভাবেই পুলিশ বিভাগে

দলীয়করণ প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। পুলিশ সদরদপ্তর থেকে নির্দেশনাটি প্রকাশ করা হয়। গতকাল বিভিন্ন থানার ওপেন হাউস ডে বা উল্লেখ্য দিবসের কর্মসূচিতে এ বিষয়ে আলোচনা হয়েছে।

রাজধানীতে প্রতি শনিবার পুলিশের নিয়মিত কর্মসূচি উল্লেখ্য দিবসের আলোচনাসভা গতকাল অনুষ্ঠিত হয় নয়টি থানায়। থানাগুলো হচ্ছে ঢাকা মহানগরীর নিউ মার্কেট, রমনা, কোতোয়ালি, কামরাঙ্গীর চর, যাত্রাবাড়ী, খিলক্ষেত, আদাবর, শাহ আলী ও পল্লবী। এসব সভায় এলাকার সাভাবিক আইনশৃঙ্খলার পাশাপাশি প্রধান আলোচ্য বিষয় ছিল পুলিশের আইনের সংস্কার। প্রস্তাবিত নতুন অধ্যাদেশ সম্পর্কে সাধারণ মানুষের মতামত সংগ্রহের অংশ হিসেবে এ আলোচনা হয়।

পুলিশের সদর দপ্তর থেকে যে নির্দেশনা পাঠাতে হয় তাতে বলা হয়, বিগত সরকারগুলো আইনকে সরকারের প্রতি আনুগত্যের বদলে দলের প্রতি পর্যবসিত করেছিল। এতে করে পুলিশ বাহিনী দলীয় লেজুড়বৃত্তির সংগঠনে পরিণত হয়। এ ছাড়া সরকার ও প্রশাসনযন্ত্রের সর্বক্ষেত্রে হস্তক্ষেপের সুযোগ থাকায় পুলিশে নিয়োগ, বদলি ও পদোন্নতিতে রাজনৈতিক হস্তক্ষেপ হয়েছে। ফলে পুলিশের দক্ষতা ও নৈমিত্তিক উন্নতির পরিবর্তে দলাদলি সৃষ্টি হয়েছে। সং ও মেধাবী লোকজনকে কোণঠাসা করা হয়েছে। তাদের খেয়ালখুশিমতো হেনস্তা করার জন্য বদলি, পদোন্নতি বঞ্চিত করা কিংবা অবসরে পাঠানো হয়েছে। সরকারের হস্তক্ষেপের কারণে পুলিশ কখনই আইন যথাযথ প্রয়োগ করতে পারেনি। উল্টো রাজনৈতিক অপরাধীরা পুলিশকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে। এ অবস্থায় পুলিশের কাজে দক্ষতা আনতে ও যুগোপযোগী পুলিশ বাহিনী গড়তে নতুন আইনের বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

- ▶ স্টেডিয়াম
- ▶ বিজ্ঞান প্রজন্ম
- ▶ আইন অধিকার
- ▶ আলোকিত দক্ষিণ
- ▶ আলোকিত উত্তর
- ▶ আলোকিত চট্টগ্রাম

- ⊗ আরো যা আছে
- ⊗ সকল ফিচার পাতা
- ⊗ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন
২০৪২৩১
জন পাঠক



Buy Products
from Bangladesh

Visit
BANGLADESH

রমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা দৌলত আকবর প্রথম আলোকে বলেন, ওপেন হাউস ডে-তে পুলিশের সংস্কার নিয়ে আলোচনার জন্য আগে থেকেই পুলিশের সদর দপ্তর থেকে পাঠানো নির্দেশনা সবার কাছে বিতরণ করা হয়। গতকালের সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অনুষ্ঠানে উপস্থিত বেশির ভাগ ব্যক্তিই সংস্কারের পক্ষে মত দেন বলে তিনি জানান। ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, তাঁর এলাকার যেসব সমস্যা নিয়ে আগে আলোচনা হয়েছিল তার প্রায় সব সমস্যার সমাধান করা হয়েছে। এতে এলাকার লোকজন সন্তোষ প্রকাশ করেছে। নিউ মার্কেট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আনিসুর রহমান জানান, গতকাল ওপেন হাউস ডের আলোচনায় পুলিশের সংস্কার অধ্যাদেশ নিয়ে ২৬ জন তাদের মতামত ব্যক্ত করে। তারা সবাই দ্রুত নতুন আইনের দাবি জানায়।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
Privacy Policy | Terms & Conditions